

Visit of Minister of State for External Affairs, Smt. MeenakshiLekhi to Portugal and Spain (September 12-17, 2021)

September 11, 2021

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখির পোর্তুগাল ও স্পেন সফর (12-17 সেপ্টেম্বর 2021)

সেপ্টেম্বর 11, 2021

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রীমতি মীনাঙ্কী লেখি সরকারি সফরে 12-17 সেপ্টেম্বর 2021 পোর্তুগাল ও স্পেন ভ্রমণ করবেন।

2. 12 থেকে 14 সেপ্টেম্বর তার পোর্তুগাল সফরকালে তিনি তার সমতুল আন্তর্জাতিক বিষয় ও সহযোগিতার রাষ্ট্র মন্ত্রকের সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার ফ্রান্সিসকো অ্যান্ড্রেসের সাথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। প্রতিমন্ত্রী, পোর্তুগালের বিদেশ মন্ত্রী হিজ এক্সেলেন্সি মিস্টার অগাস্টো স্যানটোস এবং বিদেশ মন্ত্রকের আন্তর্জাতিকতাকরণ রাষ্ট্রমন্ত্রকের সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার ইউরিকো ব্রিহান্তে ডায়াসের সাথেও বৈঠক করবেন। এই সফরকালে ভারতীয় নাগরিকদের পোর্তুগালে কাজ করার জন্য নিয়োগ করার উপরে একটি দ্বিপাক্ষিক চুক্তি সাক্ষরিত হবে।

3. প্রতিমন্ত্রী পোর্তুগালের সাংস্কৃতিক মন্ত্রী হার এক্সেলেন্সি শ্রীমতি গ্র্যাকা মারিয়া দা ফোনসেকা এবং পোর্তুগীজ ভাষা ব্যবহারকারী দেশগুলির সম্প্রদায়ের বা কমিউনিটি অব পোর্তুগীজ ল্যান্ডস্কেজ কাল্ডিজ (সিপিএলপি) নির্বাহী সচিব হিজ এক্সেলেন্সি মিস্টার জাকারিয়াস কোস্টার সাথেও বৈঠক করবেন। 2021-এর জুলাইয়ে সিপিএলপির একজন সহযোগী পর্যবেক্ষক হিসেবে ভারতকে স্বীকার করা হয়েছিল এবং ভারত পোর্তুগীজ ভাষা ব্যবহারকারী দেশগুলির সাথে ঐতিহাসিক সম্পর্কে গভীর করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তিনি ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সাথেও বৈঠক করবেন এবং আজাদি কা অমৃত মহোৎসবের অঙ্গ হিসেবে ভারতের সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্যের চিহ্ন বহনকারী একটি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন।

4. 15 থেকে 17 ই সেপ্টেম্বর প্রতিমন্ত্রী তার স্পেন সফরকালে তিনি তার সমতুল বিদেশ বিষয়ক মন্ত্রকের রাষ্ট্র সচিব হার এক্সেলেন্সি শ্রীমতি অ্যাঞ্জেলেস মোরেনো বাউ-এর সাথে একটি আলোচনায় অংশগ্রহণ করবেন এবং স্পেন সরকারের অন্যান্য বরিষ্ঠ বিশিষ্ট ব্যক্তিদের সাথে বৈঠক করবেন। প্রতিমন্ত্রী, কাসা ডে লা ইন্ডিয়া, ভালাদোলাইড-এ ' দ্য বীটলস অ্যান্ড ইন্ডিয়া' প্রদর্শনীর উদ্বোধন করবেন এবং স্পেন ইন্ডিয়া কাউন্সিল ফাউন্ডেশনে ভারতের উন্নয়নে সহযোগিতার উপর একটি বক্তৃতা প্রদান করবেন। তিনি আইসিসিআর প্রাক্তনী এবং স্পেনে ভারতীয় সম্প্রদায় সহ ভারততত্ত্ববিদ এবং ভারতীয় ভাষাবিদদের সাথেও কথাবার্তা বলবেন।

5. ভারত, পোর্তুগাল এবং স্পেন উভয় দেশের সাথেই উষ্ণ এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উপভোগ করে। আশা করা যাচ্ছে যে, প্রতিমন্ত্রীর এই সফর যেটি কোভিড -19 -এর পরে উভয় দেশে সশরীরে সরকারিস্তরে প্রথম সফর, দ্বিপাক্ষিক সম্পর্কতে নতুন গতি সঞ্চার করবে।

নিউ দিল্লি

সেপ্টেম্বর11,2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.